# আয-যারিয়াত | Adh-Dhariyat | ٱلذَّارِيَات

আয়াতঃ ৫১ : ৫৭

## আরবি মূল আয়াত:

مَا أُرِيدُ مِنهُم مِّن رِّزقٍ وَّ مَا أُرِيدُ اَن يُّطعِمُونِ ﴿۵۷﴾

## অনুবাদসমূহ:

আমি তাদের কাছে কোন রিয্‌ক চাই না; আর আমি চাই না যে, তারা আমাকে খাবার দিবে। — আল-বায়ান

আমি তাদের থেকে রিযক চাই না, আর আমি এও চাই না যে, তারা আমাকে খাওয়াবে। — তাইসিরুল

আমি তাদের নিকট হতে জীবিকা চাইনা এবং এও চাইনা যে, তারা আমার আহার যোগাবে। — মুজিবুর রহমান

I do not want from them any provision, nor do I want them to feed Me. — Sahih International

৫৭. আমি তাদের কাছ থেকে কোন রিযিক চাই না এবং এটাও চাই না যে, তারা আমাকে খাওয়াবে।(১)

(১) অর্থাৎ আমি জিন ও মানবকে সৃষ্টি করে সাধারণ মানুষের অভ্যাস অনুযায়ী কোন উপকার চাই না যে, তারা রিযিক সৃষ্টি করবে। আমার জন্যে অথবা আমার অন্যান্য সৃষ্টজীবের জন্যে। আমি এটাও চাই না যে, তারা আমাকে আহার্য যোগাবে। [দেখুন: তাবারী]

তাফসীরে জাকারিয়া

(৫৭) আমি তাদের নিকট হতে জীবিকা চাই না এবং এও চাই না যে, তারা আমার আহার্য যোগাবে।[1]

[1] অর্থাৎ, আমার ইবাদত ও আনুগত্য থেকে আমার উদ্দেশ্য এ নয় যে, তারা আমাকে উপার্জন করে খাওয়াক; যেমন, অন্যান্য প্রভুদের উদ্দেশ্য হয়। বরং রুযীর সমস্ত ভান্ডার তো আমার কাছেই রয়েছে। আমার ইবাদত ও আনুগত্য করলে লাভ তাদেরই। এতে তাদের আখেরাত সুন্দর হয়ে যাবে। আমার কোন লাভ এতে নেই।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4732

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন